R. N. No. 2532/57 | Phone No. 66-228, STD 03483 | Regd. No.—WB/MSD—4

V. I. P.
ALFA স্যুটকেস
এখন তিন বছরের
গ্যারাণ্টিতে পাচ্ছেন
অনুমোদিত ডিলার ঃ
প্রভাত ষ্টোর
রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)
ফোন ঃ ৬৬০৯৩

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

উপহারে দেবেন
বাড়ীর ব্যবহারে নেবেন
হকিন্স প্রেসার কুকার
সব থেকে বিক্রী বেশি
অনুমোদিত ডিলার ঃ
প্রভাত ষ্টোর
দুলুর দোকান
রঘুনাথগঞ্জ দরবেশপাড়া

৮৪শ বর্ষ
৫ম সংখ্যা

রঘুনাথগঞ্জ ৩রা আষাঢ় বুধবার, ১৪০৪ সাল।
১৮ই জুন, ১৯৯৭ সাল।

নগদ মূল্য ঃ ৭৫ পয়সা
বার্ষিক ৩০ টাকা

## দুষ্কৃতিদের বোমায় ব্যাঙ্ক এজেণ্ট খুন, থানা তছনছ, পুলিশের গুলিতে নিহত ১

নিজস্ব সংবাদদাতা, ধুলিয়ান ঃ গত ১২ জুন রাত্রে স্থানীয় সিণ্ডিকেট ব্যাঙ্কের এজেণ্ট নিরঞ্জন সিংহ (৩৫) ঠাকুরপাড়ায় বাড়ীর সামনে বোমায় নিহত হন। সেই সময় লোডশেডিং চলছিল। অন্ধকারে নিরঞ্জনকে লক্ষ্য করে দুর্বৃত্তরা বোমা ছুঁড়লে ঘটনাস্থলেই তিনি নিহত হন। বাজার থেকে আদায় করে আনা ৫/৬ হাজার টাকাও তার কাছ থেকে লুট করে দুর্বৃত্তরা ক্ষুব্ধ অধিবাসীরা, বিদ্যুৎ বিভাগ দুষ্কৃতিদের যোগসাজশে লোডশেডিং করেছে—এই অজুহাতে বিদ্যুৎ বিভাগের অফিস আক্রমণ করে। যথেচ্ছ ভাঙচুর করার পর আগুন ধরিয়ে দেয়। তারপরই ক্ষিপ্ত জনতা থানা আক্রমণ করে। তখন থানায় বড় মেজ কোন বাবুই ছিলেন না। বিজেপি কাউন্সিলার কাশীনাথ রায় ও দিলীপ সরকারের কাছ থেকে খুনের খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে যান বড়বাবু বিভাস গাঙ্গুলী। রক্তের দাগ অনুসরণ করে কয়েক হাত এগিয়ে যান। কিন্তু কাউকেই ধরতে পারেননি। এদিকে ফাঁকা থানায় জনতা ইট পাটকেল ছুঁড়ে দরজা জানালা ভেঙ্গে দেয়। থানায় টিয়ার গ্যাসের সেল না থাকায় অসহায় হোমগার্ডরা কারো অনুমতি ব্যতিরেকেই গুলি চালায়। জনতা বড়বাবুর স্কুটারেও আগুন ধরিয়ে দেয়। গুলিতে স্থানীয় এক ভ্রাম্যমান তেলেভাজার ব্যবসায়ী মাধব দাস (৩২) আহত হয় ও মারা যায়। ঘটনার প্রতিবাদে ও পুলিশের গুলিতে মৃত্যুর প্রতিবাদে সব রাজনৈতিক দলই ১৩ জুন ধুলিয়ান বনধ্ ডাকে। ধুলিয়ান বিদ্যুৎ বিভাগের কর্মীরা নিরাপত্তার কারণে কাজ বন্ধ করে চাঁদপুর সাবষ্টেশনে অফিস তুলে নিয়ে যাওয়ায় শহরে বিদ্যুৎ বিভ্রাট চরমে উঠেছে। দুষ্কৃতিদের হাতে নিহত নিরঞ্জন ও পুলিশের গুলিতে নিহত মাধব দাসকে নিয়ে শহরের হাজার হাজার মানুষ মিছিল করে শ্মশানে তাঁদের মৃতদেহের সংকার করেন। পুলিশ বিদ্যুৎ অফিসে আগুন ও (৩য় পৃষ্ঠায়)

## শুধু দিদিকে একঝলক দেখতেই অরঙ্গাবাদসহ মহকুমা জুড়ে মানুষের ঢল

বিশেষ প্রতিবেদক ঃ গত ১২ জুন জনতার দরবারে সমর্থন যাচাই করতে মালদহে সভা সেরে যুব কংগ্রেস নেত্রী সাংসদ মমতা বন্দ্যোপাধ্যায় বিকালে অরঙ্গাবাদে আসেন। একদিকে বামফ্রন্ট অন্যদিকে কংগ্রেসের রাজ্য ও কেন্দ্রীয় নেতৃত্বের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করে জেলা সফরে বেড়িয়ে এদিন মমতা আসেন অরঙ্গাবাদে। তবে জেলা কংগ্রেসের কোন নেতৃত্ব দূরের কথা এলাকার কোন বিধায়কও সভায় হাজির ছিলেন না। ছিলেন কেবল মমতার ছায়াসঙ্গী বিধায়ক সুদীপ ব্যানার্জী, সাধন পাণ্ডে ও গৌতম চক্রবর্তী। তবুও যুব কংগ্রেসের যেসব ছোট বা বড় মাপের নেতারা সভার আয়োজন করেন তারা ব্যর্থ হ'ননি। অরঙ্গাবাদে সভার সংখ্যাগরিষ্ঠ শ্রোতাই ছিল বিড়ির দিনমজুর। মাঠ ছেড়ে রাস্তায় মানুষের ঢল, তাদের কাছে মিটিং শোনার চেয়ে দিদিকে এক ঝলক দেখাই ছিল পরম প্রাপ্তি। এছাড়া অরঙ্গাবাদ থেকে সভা সেরে লালগোলা জনসভায় যেতেও পথের ধারে দিদিকে দেখতে হাজার হাজার মানুষের ভীড় জমে। অরঙ্গাবাদের সভায় জল বণ্টন চুক্তিকে হাতিয়ার করলেও খেটে খাওয়া (শেষ পৃষ্ঠায়)

## উমরপুরে আদবানীর রথ থামবে

রঘুনাথগঞ্জ ঃ আগামী ২৪ জুন বিকেলে ফরাক্কার পথে উমরপুর পেট্রোল পাম্পের কাছে জাতীয় সড়কের ধারে ১৫ মিনিটের জন্য থামছেন লালকৃষ্ণ আদবানী। সেখানে তিনি বিজেপির এক জনসভায় ভাষণ দেবেন। তাঁর সঙ্গে থাকছেন দলীয় নেত্রী সুষমা স্বরাজ। স্থানীয় বিজেপি নেতা চিত্ত মুখার্জী এ খবর জানান।

## সমীক্ষায় মহকুমায় একটিও শিশু শ্রমিক নেই

রঘুনাথগঞ্জ ঃ বিড়ি, ইটভাটা, মোটর গ্যারেজ, লেদমেশিন প্রভৃতিতে শিশু শ্রমিক নিয়োগ বেআইনী ও শাস্তিযোগ্য অপরাধ ঘোষিত হয়েছে। এই কারণে পঃ বঙ্গের অন্যান্য জেলার সঙ্গে বিড়ি শিল্পের প্রধান ঘাঁটি হিসাবে জঙ্গিপুর মহকুমাতেও সরকারী সমীক্ষা চালানো হয়। গত ৩১ মে এই সমীক্ষার সরকারী রিপোর্ট গেল জঙ্গিপুর মহকুমা থেকে। সেই সমীক্ষায় জানানো হয়েছে এই মহকুমায় শিশু শ্রমিক কোন প্রতিষ্ঠানেই নেই। কিন্তু এই (শেষ পৃষ্ঠায়)

## মহকুমা শাসকের বিরুদ্ধে ভিজিল্যান্স তদন্ত শুরু হয়েছে

নিজস্ব প্রতিনিধি ঃ মহকুমার একটি পত্রিকায় জঙ্গিপুরের মহকুমা শাসক দেবব্রত পালের বিরুদ্ধে ভিডিও মালিকদের কাছে অবৈধভাবে অর্থ আদায় করা প্রসঙ্গে সংবাদ প্রকাশিত হয়। এরই পরিপ্রেক্ষিতে ভিজিল্যান্স কমিশনার শ্রী ভি পি রামচন্দ্রনের নেতৃত্বে একটি দল তদন্ত শুরু করেছেন বলে খবর। তবে দেবব্রতবাবুর সঙ্গে যোগাযোগ করলে তিনি বলেন তদন্ত চলাকালীন তিনি কোন মন্তব্যই করবেন না। তদন্তেই (শেষ পৃষ্ঠায়)

বাজার খুজে ভালো চায়ের নাগাল পাওয়া ভার,
দার্জিলিঙের চূড়ায় ওঠার সাধ্য আছে কার?
শুনুন মশাই, স্পষ্ট কথা বাক্য পারিষ্কার
মনমাতানো দারুণ চায়ের ভাঁড়ার চা ভাণ্ডার॥
সবার প্রিয় চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন ঃ আর জি জি ৬৬২০৫

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

৩রা আষাঢ় বুধবার, ১৪০৪ সাল।

## মেশিনে রেশম সূতা

মুর্শিদাবাদী সিল্ক এবং মির্জাপুরী গরদ বহুদিনের এক ঐতিহ্যবাহী শিল্প। বীরভূমের বক্রেশ্বর-তাঁতিপাড়ার তসর শিল্প, মুর্শিদাবাদ জেলার টেঁয়া অঞ্চলের মটকা শিল্প সুপরিচিত। ইংরাজ শাসনকালে রেশম-গরদ-তসর শিল্পীরা নানা প্রতিকূলতার মধ্যে পড়েন। ফলে এই সব শিল্পের উৎপাদন যাহা অতীতে বহির্ভারতে যথেষ্ট সমাদৃত হইত, ক্রমশঃ লুপ্তগৌরব হারাইতে থাকে। ইহার কারণ শিল্পীদের নিশ্চিন্তভাবে কাজ করিবার প্রতিবন্ধকতা এবং তাঁহাদের অন্নসংস্থানের নানা অন্তরায়।

স্বাধীনোত্তর ভারতে উল্লেখিত কুটির-শিল্পের পুনরুজ্জীবন ঘটাইবার প্রচেষ্টা হয়। তদনুসারে খাদি গ্রামোদ্যোগ সংস্থার পক্ষ হইতে কাজ হইতেছে। বিবিধ সমবায় সংস্থা মারফৎ শিল্পীদের অবস্থার উন্নয়নের কার্যক্রম চলিতে থাকে। জঙ্গিপুর মহকুমার রেশম ও গরদ শিল্পোৎপাদন চলিতে থাকিলেও কৃত্রিম সিল্ক, যন্ত্রের মাধ্যমে উৎপাদন এবং উপযুক্ত বাজারের অভাবহেতু জেলাস্তরে এবং রাজ্যস্তরে অনেক পিছাইয়া পড়ে। তবু শিল্পীরা এখন অনেকে পূর্ববৃত্তি ত্যাগ করেন নাই।

আমাদের পত্রিকার গত সংখ্যায় প্রকাশিত সংবাদে জানা গেল যে, গত ৬ই জুন রঘুনাথগঞ্জ ২নং ব্লকের মিঠিপুরের পানানগর গ্রামে রেশম গুটির সূতাকে যন্ত্রের দ্বারা পাকাইয়া গরদ, সিল্ক প্রভৃতি কাপড়ের সূতা তৈয়ারীর প্রকল্পের উদ্বোধন হইয়াছে। শিল্পী নজরুল ইসলামের ব্যক্তিগত প্রচেষ্টা এবং এখানকার রেশম বিভাগের সহায়তা উক্ত প্রকল্পের মূলে রহিয়াছে। মাননীয় মহকুমা শাসক শ্রীদেবব্রত পাল মহাশয় প্রকল্পটির উদ্বোধন প্রসঙ্গে মন্তব্য করেন যে, একসময় পশ্চিমবঙ্গ এই শিল্পের পুরোধা ছিল; কিন্তু আজ তাহার স্থান অনেক নীচে চলিয়া গিয়াছে। সূতা পাকান যন্ত্রের জন্য ৮ লক্ষ টাকা খরচ হয়। ইহার মধ্যে ২ লক্ষ টাকা সরকারী ঋণ হিসাবে এবং বাকী টাকা ব্যক্তিগত ঋণ হিসাবে পাওয়া যায়।

শিল্পোদ্যোগী নজরুল ইসলাম এই প্রকল্পের জন্য যাহা করিয়াছেন, তাহা নিঃসন্দেহে প্রশংসনীয়। তিনি উদ্বোধনী অনুষ্ঠানে এই শিল্পের নানা সমস্যার কথা বলিয়াছেন। মহকুমার এমন এক মহিমমণ্ডিত শিল্পকে যদি উন্নত করিতে হয়, তবে রাজ্য ও কেন্দ্রীয় সরকারের মাধ্যমে সেই সব সমস্যার সমাধান হওয়া একান্ত প্রয়োজন। সুতরাং কেন্দ্র তথা রাজ্য সরকার এই বিষয়ে দৃষ্টিপাত করিবেন, ইহা সকলেই আশা করিবেন।

### বিশ্ব পরিবেশ দিবস পালন

রঘুনাথগঞ্জ : গত ৫ জুন ভারতের গণতান্ত্রিক যুব ফেডারেশন লোকাল কমিটির পরিচালনায় শহরে বিশ্বপরিবেশ দিবস পালিত হয়। সাফাই অভিযান, স্বাস্থ্য ও পরিবেশ সচেতনতা জাগিয়ে তুলতে মিছিল ও বক্তৃতা প্রভৃতির দ্বারা দিনটি প্রতিপালিত হয়। বক্তব্যে নিজ নিজ এলাকা পরিচ্ছন্ন রাখা, যান্ত্রিক গাড়ীগুলির ধোঁয়া নিয়ন্ত্রণ প্রভৃতির উপরে বক্তব্য রাখেন ফেডারেশনের কর্মীবৃন্দ। অভিযানের নেতৃত্ব দেন সম্পাদক ও পুর কমিশনার শত্রুঘ্ন সরকার।

### তিনশো নতুন প্রতিবন্ধী কার্ড পেলেন

রঘুনাথগঞ্জ : সম্প্রতি স্থানীয় শ্রীমা শিল্প-নিকেতন কলিকাতাস্থিত ভারত সরকারের আর্থিক সহায়তা কেন্দ্রের মাধ্যমে ৩০০ জন প্রতিবন্ধীকে নতুন কার্ড দেয়। এছাড়া সাড়ে তিন লাখ টাকার ব্যাঙ্ক লোন ৫০ জন প্রতিবন্ধীর হাতে তুলে দেওয়া হয়। অনুষ্ঠান পরিচালনা করেন বিজয় মুখার্জী।

## চিঠি-পত্র

( মতামত পত্রলেখকের নিজস্ব )

### এলাহাবাদ ব্যাঙ্কের ম্যানেজারের ব্যবহারের বিরুদ্ধে

পত্রলেখক পরেশনাথ ভকত পিতা ৺রামরতন রাম ভকত সাং পোপাড়া পোঃ সাগরদীঘি নিম্নলিখিত অভিযোগ জানিয়ে তার প্রতিকার দাবী করছি। আমি গত ২৫ মে সিকিমের সাপ্তাহিক লটারীর এ ২৪৬৮৮২ নং টিকিটে ১ম পুরস্কার পাই। সাগরদীঘি এলাহাবাদ ব্যাঙ্কে আমার নামীয় এস বি এ্যাকাউন্ট নং ১৪৫০ এ ঐ পুরস্কারের টাকা জমা করবার জন্য প্রয়োজনীয় দরখাস্ত সহ ব্যবস্থা নিবার দাবী জানিয়ে গত ৪ জুন ম্যানেজারের নিকট উপস্থিত হই। কিন্তু তিনি কোনরূপ কারণ না দেখিয়েই আমার আবেদন খারিজ করে আমাকে ফিরিয়ে দেন। এতে আমি আর্থিক ক্ষতিগ্রস্ত হবার মুখে দাঁড়িয়েছি। আমার অভিযোগ এলাহাবাদ ব্যাঙ্ক ন্যাশনালাইজড ব্যাঙ্ক হওয়া সত্ত্বেও ম্যানেজার কেন এইরূপ ব্যবহার করলেন তার বিচার ঐ ব্যাঙ্কের উর্দ্ধতন কর্তৃপক্ষ করে আমাদের মত গ্রামের মানুষের প্রতি অন্যায় ব্যবহারের প্রতিকার করুন।

ইতি বিনীত—

পরেশনাথ ভকত

পোঃ+সাং সাগরদীঘি

(মুর্শিদাবাদ) ৭৪২২২৬ তাং ৭/৬/৯৭

### স্কুল ছাত্রদের ক্রীড়া—স্পোর্টসে আঘাতের প্রাথমিক চিকিৎসা সংক্রান্ত শিক্ষা শিবির

জঙ্গিপুর : গত ৪ জুন থেকে ৬ জুন জঙ্গিপুর হাইস্কুলে স্কুল ছাত্রদের ক্রীড়া ও স্পোর্টসে আঘাতের প্রাথমিক চিকিৎসা সংক্রান্ত এক প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হয়। শিবির পরিচালনা করেন পঃ বঃ শিক্ষা অধিকরণ, মুর্শিদাবাদ জেলা ও জঙ্গিপুর মহকুমা এস, এস, এ একত্রে। ৪ জুন বেলা ২টা ৩০ মিঃ এ কল্যাণী বিশ্ববিদ্যালয়ের অবসরপ্রাপ্ত অধ্যাপক এ, কে ভট্টাচার্য্য শিবির উদ্বোধন করেন। সভাপতিত্ব করেন মহকুমা শাসক দেবব্রত পাল এবং বিশেষ অতিথি ছিলেন এন, জি, ভড়, ডি, আই (এস ই) মুর্শিদাবাদ। সম্বর্ধনা ভাষণ দেন ডি এস এস এর যুগ্ম সম্পাদক সুবোধ দাস। তিনি এই শিক্ষার গুরুত্ব ও প্রয়োজনীয়তা সম্বন্ধে বলেন। ৩ দিনের শিবিরে উপস্থিত ছিলেন অরুণকুমার ভট্টাচার্য্য, নিত্যগোপাল ভড়, অধ্যাপক অলক ব্যানার্জী, কমল চট্টোপাধ্যায় প্রমুখ। জেলার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক ফিজিক্যাল এডুকেশনের মোট চল্লিশ জন শিক্ষকদের শিক্ষাদান ও সার্টিফিকেট এই শিবির থেকে দেওয়া হয়। শিক্ষাদানে ছিলেন কোর্স কো-অর্ডিনেটর ডাঃ কমল চ্যাটার্জী, গেম ডিরেক্টার সুবোধ দাস, এ্যাঃ ক্যাম্প ডিরেক্টর অশেষ দাস এবং এ্যারোবিক এক্সাসাইজ এ শিলং নবোদয় বিদ্যালয়ের বিশ্বজিত ব্যানার্জী। শিবিরে অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন জঙ্গিপুর উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক বীরেন্দ্রনাথ ভট্টাচার্য্য। শিবিরের শেষ দিনের সভায় সভাপতিত্ব করেন পুরপতি মৃগাঙ্ক ভট্টাচার্য্য। এছাড়া হরিয়ানার নবোদয় বিদ্যালয়ের সিনিয়র লেকচারার ডঃ দেবাশীষ রায় ও বাণীপুর ফিজিক্যাল এডুকেশন কলেজের ডঃ অসীম বসুও প্রশিক্ষণ শিবিরে উপস্থিত ছিলেন।

### রবিমঞ্চ স্মরণিকা—সমালোচনা

রবিমঞ্চ-এর সভ্য ও সভ্যাবৃন্দ প্রকাশিত 'রবিমঞ্চ স্মরণিকা', প্রকাশকাল রবীন্দ্র জন্মজয়ন্তী ২৫শে বৈশাখ, ১৪০৪ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ আমাদের হাতে এসে পৌঁছেছে। স্মরণিকা গ্রন্থটি আশীষ রায়ের অঙ্কিত প্রচ্ছদ পটে শিল্পরুচির মনোগ্রাহী প্রমাণ তুলে ধরেছে। রবীন্দ্র সঙ্গীতের শিল্পী রবীন্দ্রনাথের স্নেহধন্যা কনিকা বন্দ্যোপাধ্যায়ের শুভেচ্ছা বাণী মঞ্চের সভ্যসভ্যারা লাভ করে তাঁদের আন্তরিক প্রচেষ্টার স্বাক্ষর রেখেছেন। রচনা যে কয়েকটি প্রকাশিত হয়েছে সেগুলি সুন্দর, মনোরম এবং হৃদয়গ্রাহী।

## এস, সির দাবীতে চাঁইদের বিধান-সভা অভিযান, ধর্ণা ও অনশন

বিশেষ সংবাদদাতা : গত ৮ জুন এস, সি, কোটায় অন্তর্ভুক্তির দাবীতে চাঁই সমাজ উন্নয়ন সমিতি রাত ১২টা থেকে কলকাতা শহীদ মিনারের ময়দানে ৪৮ ঘন্টা ধর্ণা, অনশন করেন সমিতির সম্পাদক ডাঃ ভরত মণ্ডল। এই অবস্থানে ৫০ জন প্রতিনিধি সক্রিয় অংশ নেন। ১০ জুন রাজ্যের বিরোধী দলনেতা অতীশচন্দ্র সিংহ, রুবিনুর, মায়ারাণী পাল প্রমুখ চাঁইদের দাবীর সমর্থনে বক্তব্য রাখেন। পরে নেতৃবৃন্দ প্রতিনিধিদের নিয়ে বিধানসভায় তপশীলী প্রতিমন্ত্রী উপেন কিসকু এবং মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর সঙ্গে দেখা করেন। পঃ বঙ্গ সরকারের পক্ষে মুখ্যমন্ত্রী চাঁইদের দাবীর ব্যাপারে দিল্লীতে শীঘ্রই কেন্দ্রীয় মন্ত্রী রামুলিয়ার সঙ্গে সাক্ষাতে কথাবার্তা বলার প্রতিশ্রুতি দেন। এই প্রতিশ্রুতির পরিপ্রেক্ষিতে ডাঃ ভরতচন্দ্র মণ্ডল ৪৮ ঘন্টা পর অনশন ভঙ্গ করেন ও ধর্ণা তুলে নেওয়া হয়।

### টেলিফোন অব্যবস্থার প্রতিরোধে সভা

নিজস্ব সংবাদদাতা : রঘুনাথগঞ্জে টেলিফোন পরিষেবা চরম অব্যবস্থার মধ্যে। এর প্রতিকারে স্থানীয় গ্রাহকদের পক্ষে পুরসভা ভবনে বালক মুখার্জী ও ডাঃ অনন্ত চন্দ্রের আহ্বানে এক গ্রাহক সভা আগামী ২১ জুন অনুষ্ঠিত হবে। সমস্ত গ্রাহককে ওই সভায় যোগ দিতে অনুরোধ করেছেন উদ্যোক্তারা।

### পৌর কর্মীসমিতির বার্ষিক সম্মেলন

ধুলিয়ান : গত ২৪ মে বুধুয়া রামনগরে ধুলিয়ান পৌর কর্মচারী সমিতির বার্ষিক সম্মেলন হয়। ধুলিয়ানের ২৮, জন বেলডাঙ্গা, কান্দী, বহরমপুর, জিয়াগঞ্জ পুরসভার ৮০ জন কর্মী অংশ নেন। ধুলিয়ান পুরসভাকে দুর্নীতিমুক্ত করতে সিপিএম বাদে এক সর্বদলীয় কমিটি গঠন করা হয়। সভাপতিত্ব করেন চিত্ত মৈত্র ও নেপাল আইচ প্রধান অতিথি ছিলেন। এছাড়াও ছিলেন ষষ্ঠীচরণ ঘোষ, রোশন আলী প্রমুখ। মাফিজুদ্দিনকে সভাপতি, ষষ্ঠীচরণ ঘোষকে সম্পাদক করে সর্বসম্মতিক্রমে ১১ জনের এক কমিটি তৈরী হয়।

### নিবেদন

নিউজপ্রিন্ট এবং প্রেসের যাবতীয় সামগ্রীর মূল্য অত্যধিক বৃদ্ধি হওয়ায় আগামী ২ জুলাই সংখ্যা হতে জঙ্গিপুর সংবাদের প্রতি কপি এক টাকা ও বাৎসরিক গ্রাহক মূল্য চল্লিশ টাকা ধার্য করতে বাধ্য হলাম। এ ব্যাপারে আমাদের গ্রাহক ও শুভানুধ্যায়ীদের কাছ থেকে সহযোগিতা পাবো আশা করি।

কর্মাধ্যক্ষ — 'জঙ্গিপুর সংবাদ'

### বোমায় ব্যাঙ্ক এজেন্ট খুন

( ১ম পৃষ্ঠার পর )

থানা ভাঙচুরের ব্যাপারে ঠাকুরপাড়ার কয়েকজনকে গ্রেপ্তার করে কোর্টে চালান দেয়। রবিবার ১৫ জুন দুই মৃতের শোক-সভার আয়োজন করে রাজনৈতিক দলনির্বিশেষে শহরের মানুষ। শহরের মানুষের অভিযোগ স্থানীয় থানা খুনখারাপীর ঘটনায় একেবারে নিষ্ক্রিয়। ৮ মাস আগে দুষ্কৃতিদের হাতে তাঁর দোকানের সামনে স্বর্ণব্যবসায়ী যুগোলকিশোর কর্মকার প্রাণ হারান। কিন্তু পুলিশ আজও তাঁর আততায়ীদের ধরতে পারেনি। পুলিশী নিষ্ক্রিয়তায় ঐ অঞ্চল সমাজবিরোধীদের স্বর্গরাজ্য হয়ে উঠেছে বলে মানুষের অভিযোগ। ১৫ জুন পঃ বঙ্গের বিধানসভার বিরোধী দলনেতা অতীশ সিংহ ও বিধায়ক মাইনুল হক এখানে এসে নিরঞ্জন ও মাধবের পরিবারবর্গদের সঙ্গে দেখা করে তাঁদের কথা শোনেন ও শোকসন্তপ্ত পরিবারদের সান্ত্বনা দেন। তাঁরা উভয়েই পুলিশের গুলি চালনার নিন্দা করেন। গত ১৪ জুন মুর্শিদাবাদ রেঞ্জের ডি, আই, জি, পুলিশ সুপার এবং এ্যাডিশন্যাল পুলিশ সুপার ধুলিয়ানে আসেন। মহকুমা পুলিশ প্রশাসক প্রচুর ফোর্স নিয়ে ধুলিয়ান থানাতেই রয়েছেন। ঠাকুরপাড়ার কিছু সন্দেহভাজন যুবক গা ঢাকা দিয়ে আছেন বলে পুলিশ সূত্রে জানা যায়। জোর পুলিশী তদন্ত চলছে। সিপিএম, কংগ্রেস, বিজেপি—সব দলের পক্ষ থেকে মৃতদের পরিবারকে আর্থিক ক্ষতিপূরণের এবং ঘটনার সঙ্গে যুক্ত দোষী ব্যক্তি ও পুলিশের উপযুক্ত শাস্তির দাবী জানান হয়।


ETDC

( A unit of Govt. of West Bengal )

Stands for Quality & Reliability





### গ্রামোন্নয়ন কর্মসূচী সচেতনতা প্রশিক্ষণ শিবির

সাগরদীঘি : গত ১১ জুন স্থানীয় উচ্চ বালিকা বিদ্যালয়ে ব্লকের বিডিও আই আর ডি পি ও অন্যান্য গ্রামোন্নয়ন কর্মসূচী সংক্রান্ত সচেতনতা প্রশিক্ষণ শিবিরের আয়োজন করেন। চলতি বছরে যাঁরা এই প্রকল্পে অনুদান বা লোন পাবেন এইরূপ চারশো মানুষ শিবিরে যোগ দেন। এর মধ্যে বন্ধেশ্বর ও গোবর্দ্ধনডাঙ্গা এলাকার, প্রত্যন্ত গ্রামাঞ্চলের পুরুষ ও মহিলারাও ছিলেন। গ্রামউন্নয়ন ও সাক্ষরতা কর্মসূচী সফল করতে সকলেই উৎসাহ দেখান। প্রশিক্ষণ দেন বিডিও অজয়কুমার ঘোষ, যুগ্ম বিডিও বাসুদেব রায়চৌধুরী, জেলার সহকারী প্রকল্প আধিকারিক এবং ব্লকের বিভিন্ন ব্যাঙ্কের শাখা প্রবন্ধকরা।

### বংশবাটী গ্রাম পঞ্চায়েত সংবাদ

নিজস্ব সংবাদদাতা : সুতী ১নং ব্লকের বংশবাটী গ্রাম পঞ্চায়েতের প্রধান নির্বাচনকে কেন্দ্র করে বামফ্রন্টে যে ভাঙ্গন ধরে তার জের এখনও মেটেনি। সিপিএমের মোট পঞ্চায়েত সদস্য ৮ জনের মধ্যে ৪ জন মহিলা সদস্যাই কংগ্রেসে যোগ দিয়ে প্রধান নির্বাচন করেন উমাপতি মণ্ডলকে। কিন্তু উপপ্রধান কাদের খাঁ সিপিএম থেকে নির্বাচিত হয়ে কাজ করে চলেন এরপর গ্রামের গত ২৬/৫/৯৭ তারিখে ৬৫টি আরএসপি সমর্থক পরিবার উমাপতি মণ্ডল, রামপদ মুখার্জী, মোহাঃ জাকেরিয়ার নেতৃত্বে কংগ্রেসে যোগ দেন। গত ৬ জুন বংশবাটী ব্লকের সিপিএম উপপ্রধানকেও অপসারণ করা হয়। উপস্থিত ১৩ জন সদস্য ও সদস্যা ভোট দেন অপসারণের পক্ষে। বিরোধী পক্ষ কেউ উপস্থিত ছিলেন না।

---


## কার্ডস ফেয়ার

এখানে সবরকমের কার্ড পাওয়া যায়।

রঘুনাথগঞ্জ ॥ মুর্শিদাবাদ

ফোন : ৬৬২২৮


---


*পছন্দসই টেকসই*

*সব বয়সেই মানানসই*

## রঘুনাথগঞ্জ ব্লক নং-১

## রেশম শিল্পী সমবায় সমিতি লিঃ

( হ্যাণ্ডলুম ডেভেলপমেন্ট সেণ্টার )

রেজিঃ নং—২০ ★ তারিখ—২১-২-৮০

গ্রাম মির্জাপুর ॥ পোঃ গনকর ॥ জেলা মুর্শিদাবাদ

ফোন নং—৬২০২৭



ঐতিহ্যমণ্ডিত সিল্ক, গরদ, কোরিয়াল, জামদানী জাকার্ড, সার্টিং থান ও কাঁথাষ্টিচ শাড়ী সুলভ মূল্যে পাওয়া যায়।

✪ সততাই আমাদের মূলধন ✪

| | | |
|---|---|---|
| সনাতন দাস | ধনঞ্জয় কাদিয়া | সনাতন কালিদহ |
| সভাপতি | ম্যানেজার | সম্পাদক |


---


আপনাদের সেবায় দীর্ঘ পনের বছর যাবৎ নিয়োজিত

## ✚ অন্নপূর্ণা হোমিও ক্লিনিক ✚

রঘুনাথগঞ্জ ★ ফুলতলা ★ মুর্শিদাবাদ

( সবজী বাজারের বিপরীত দিকে )

প্রোঃ প্রখ্যাত হোমিও চিকিৎসক—ডাঃ সাহা

ডি. এম. এস ( কলি ), পি. ই. টি ( ডাব্লু. টি ), এফ. ডাব্লু. টি ( আই. আর. সি. এস )

এখানে বিদেশী ঔষধ ও অত্যাধুনিক যন্ত্রপাতি দ্বারা সুচিকিৎসার ব্যবস্থা আছে। পেটের আলসার, কিডনির পাথর, বন্ধ্যা, কানের পুজ, পোলিও এবং প্যারালেসিস রোগের চিকিৎসা গ্যারান্টি সহকারে করা হয়।

হ্যাপকো এবং জার্মানীর হোমিও ঔষধ, সার্জিক্যাল, ডেন্টাল ও সর্বপ্রকার ডাক্তারী ইনস্ট্রুমেণ্ট ও পার্টস, মেডিক্যাল পুস্তক, ডাক্তারী লেদার ব্যাগ, টিঞ্চার ও কেমিক্যাল গ্রুপের ঔষধ, ফার্ষ্ট-এড বক্স এর সকলপ্রকার ঔষধ পাওয়া যায়।

বিঃ দ্রঃ— হারনিয়াল বেল্ট, এল এস বেল্ট, সারভাইক্যাল কলার, কানের ভল্যুম কনট্রোল মেসিন ইত্যাদিও পাওয়া যায়।


### বিপ্লবী যুব ফ্রন্টের অবস্থান ও ডেপুটেশন

রঘুনাথগঞ্জ : গত ৬ জুন স্থানীয় বিডিও অফিসের সামনে বিপ্লবী যুব ফ্রন্ট প্রায় ৩০০ সমর্থক নিয়ে অবস্থান করে ও পরে ৭ দফা দাবী সমন্বিত এক দাবীপত্র বিডিওর হাতে তুলে দেয়। অবস্থানে বক্তব্য রাখেন জেলা পরিষদের সহ-সভাধিপতি আরএসপির নেতা জানে আলম মিয়া এবং স্থানীয় যুবনেতা সুজিত বসু। দাবীগুলির অন্যতম ছিল মুর্শিদাবাদ জেলায় শিল্প স্থাপন ও বেকারদের চাকরী।

### তদন্ত শুরু হয়েছে ( ১ম পৃষ্ঠার পর )

তাঁর বিরুদ্ধে যাবতীয় অভিযোগের সত্য মিথ্যা প্রকাশ পাবে। অভিযোগ মিথ্যা প্রমাণিত হলে তিনি যেখানেই থাকুন অভিযোগ-কারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেবেন বলেও জানা যায়। বিশ্বস্ত সূত্রে জানা যায় দীর্ঘ আড়াই বছর মহকুমায় থাকার পর মহকুমা শাসক নাকি শীঘ্রই বদলী হয়ে যাচ্ছেন।

### মানুষের ঢল (১ম পৃষ্ঠার পর)

মানুষ তার যৌক্তিকতা খোঁজার কোন চেষ্টাই করেননি। সভার শেষ পর্বে আকাশে কালো মেঘ ঘনিয়ে আসায় উদ্যোক্তারা তড়িঘড়ি সভা শেষ করে দেন। এরপর জনতার ভোট চাইতে দিদি সাঙ্গপাঙ্গ নিয়ে লালগোলার উদ্দেশ্যে যাত্রা করেন। আবার ঐ দিনই বহরমপুরে স্বরাষ্ট্রমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য্যের সভা থাকায় রাস্তায় বেরিয়ে পরিবহনের অভাবে সাধারণ মানুষ ভীষণ নাকাল হ'ন বলে জানা যায়।

### শিশু শ্রমিক নেই (১ম পৃষ্ঠার পর)

সমীক্ষার সত্যতা সম্বন্ধে জনমনে বিভ্রান্তি দেখা দিয়েছে। কেননা এতদ অঞ্চলে প্রায় প্রতিটি পরিবারে বিড়ি বাঁধে মহিলা ও শিশুরাই বাড়ীতে বসে। অবশ্য মুন্সীর খাতায় নাম থাকে সাবালক কিংবা সাবালিকার। তাই শিশু শ্রমিকের প্রমাণ পাওয়া সম্ভব নয় বলে প্রশাসন মনে করেন। সে ক্ষেত্রে সরকারী এ সমীক্ষা প্রহসনেরই নামান্তর মাত্র।


*বিশেষ আকর্ষণ :* বিভিন্ন ডিজাইনের পছন্দ ও টেকসই *কোবরা* ছাপা শাড়ী।

*আর কোথাও না গিয়ে আমাদের এখানে অফুরন্ত সমস্ত রকম সিল্ক শাড়ী, কাঁথা ষ্টিচ করার জন্য তসর থান, কোরিয়াল, জামদানী জোড়, পাঞ্জাবীর কাপড়, মুর্শিদাবাদ পিওর সিল্কের প্রিন্টেড শাড়ীর নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।*

*উচ্চ মান ও ন্যায্য মূল্যের জন্য পরীক্ষা প্রার্থনীয়।*



## বাঘিড়া ননী এণ্ড সন্স

মির্জাপুর ॥ গনকর

ফোন নং : গনকর ৬২০২৯


রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) দাদাঠাকুর প্রেস এণ্ড পাবলিকেশন হইতে অনুরূম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।